ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 135 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৯১ ● কলকাতা ● ১৩ কার্ত্তিক, ১৪৩২ ● শুক্রবার ● ৩১ অক্টোবর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


## NRC আতঙ্কে দু'জনের মৃত্যু! মমতার প্রশ্ন, 'এই মাটিতেই জন্মেও প্রমাণ দিতে হবে?'



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নাগরিকত্ব যাচাইয়ের নামে আতঙ্ক ছড়াচ্ছে বিজেপি, ফের বিস্ফোরক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর অভিযোগ, নির্বাচন কমিশনের ঘোষণার মাত্র ৭২ ঘণ্টার মধ্যেই একের পর এক দুঃখজনক ঘটনা ঘটছে রাজ্যে। এখনও পর্যন্ত আতঙ্কে মৃত্যু হয়েছে দু'জনের। আশঙ্কাজনক আরও একজন। বৃহস্পতিবার এ ব্যাপারে সোশ্যাল মাধ্যমে কমিশন এবং বিজেপিকে আক্রমণ করে মুখ্যমন্ত্রী লিখেছেন, "আমরা প্রত্যক্ষ করছি বিজেপির ভয়, বিভাজন ও ঘৃণার রাজনীতির মর্মান্তিক পরিণতি।"

তিনি টুইটে জানান, ২৭ অক্টোবর খড়দহের পানিহাটির প্রদীপ কর (৫৭) আত্মহত্যা করেন। চিঠিতে লেখেন, "আমার মৃত্যুর জন্য দায়ী এনআরসি।" SIR প্রক্রিয়ায় হয়রানির আতঙ্কে ২৮ অক্টোবর কোচবিহারের দিনহাটার এক প্রবীণ ব্যক্তি জীবন শেষ করার চেষ্টা করেন। আর তারপর আজ, বৃহস্পতিবার পশ্চিম মেদিনীপুরের ক্ষিতিশ মজুমদার (৯৫) ইলামবাজারে আত্মহত্যা করেন— আশঙ্কা, তাঁর জমি কেড়ে নেওয়া হবে, তাঁর অস্তিত্বই প্রশ্নের মুখে পড়বে।

এরপর ৫ পাতায়

পর্ব ৯৪

## হিমালয়ের সমর্পণ যোগ



দেখার জন্য এর আলোর দরকার হয় না। সে অন্ধকারেও দেখতে পায়। দ্বিতীয়ত, এর কোন সীমা নেই। সে একস্থান থেকে হাজার মাইল দূরেরও দেখতে পায়। এক মুহূর্তেই দেখতে পারে। এর গতি খুব বেশী। এটা বিশ্বের সবথেকে বেশী গতিশীল। মানে চিত্তকে আমরা আত্মার চোখ বলতে পারি।" "এই চিত্ত যত ভিতরে হবে তত স্থির হবে, আর যত স্থির হবে তত শক্তিশালী ও প্রভাবশালী হবে। আর যত প্রভাবশালী হবে, তত সুক্ষ্ম হবে। এক সুক্ষ্ম চিত্তের দ্বারা হাজার কিলোমিটার দূরের যাত্রা একস্থানে বসে হাওয়া আর শব্দের গতির থেকে বেশী গতিতে ক্ষণিকের মধ্যে করা যায়। **ক্রমশঃ**




# বাড়িতে জাল নথির স্তূপ, গ্রাহক সেজে চক্রের মূল পাণ্ডাকে পাকড়াও পুলিশের



স্টাফ রিপোর্টার, রোজদিন

বাড়িতে ভুরি-ভুরি জাল সরকারি নথিপত্র। গ্রাহক সেজে ভুয়ো চক্রের আরও এক কাণ্ডারিকে পাকড়াও করল পুলিশ। জন্ম ও মৃত্যু শংসাপত্র, টাকা দিলেই মিলত সরকারি স্বীকৃতির সেই সব নথি। পুলিশের অভিযানে অবশেষে জাল শংসাপত্র চক্রের পান্ডা লালন কুমার ওঝাকে গ্রেফতার করল শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ।পুলিশ সূত্রে আরও খবর, তল্লাশিতে উদ্ধার হয় বিপুল পরিমাণ জাল জন্ম ও মৃত্যু শংসাপত্র। সেই সঙ্গে পাওয়া যায় আধার ও প্যান কার্ডের নকল সহ একাধিক ভুরি ভুরি গুরুত্বপূর্ণ নথি। সবই জাল করা হয়েছিল সুকৌশলে। পুলিশের অনুমান, দীর্ঘদিন ধরেই এই জাল নথি তৈরিতে হাত পাকিয়েছিল লালন কুমার ওঝা। তারপর মোটা অঙ্কের বিনিময়ে সেই সব নথি মানুষকে বিক্রি করত সে। এই জাল চক্রের সঙ্গে আর কারা জড়িত তা খতিয়ে দেখছে পুলিশ। ধৃতকে শুক্রবার শিলিগুড়ি আদালতে তোলা হবে।পুলিশ সূত্রে খবর, শিলিগুড়ি মহকুমা এলাকার বাগডোগরা পুটিমারীর বাসিন্দা ৩৫ বছরের লালনের বিরুদ্ধে ভুয়ো নথি তৈরির অভিযোগ উঠেছিল। সম্প্রতি খড়িবাড়ি গ্রামীণ হাসপাতালে জাল জন্ম ও মৃত্যু সংসাপত্র তৈরির অভিযোগ সামনে আসার পর গ্রেফতার হয় দু'জন। তাদের জেরা করেই উঠে আসে লালনের নাম। এরপর পুলিশ ও সেনাবাহিনীর বিশেষ গোয়েন্দা শাখা এক পরিকল্পনা করে। জালে রাঘব বোয়ালকে আনতে গেলে যে ছদ্মবেশ দরকার তা বেশ বুঝেছিলেন পুলিশ আধিকারিকরা। সেই মতো হয় পরিকল্পনা। যৌথভাবে গ্রাহক সেজে তারা লালন কুমার ওঝার বাড়িতে যায়। তারপর অনুনয় বিনয়ের মাধ্যমে জানায় জাল নথি তৈরি করে দিতে হবে। লালন সম্মত হয়। তারপরেই তাকে পাকড়াও করে পুলিশ।

# ৩ দিনেও নিখোঁজ শিশু, ড্রোন, জেসিবি ও পুলিশ কুকুর দিয়ে তল্লাশি জারি



স্টাফ রিপোর্টার, রোজদিন

মল্লারপুর : তিনদিনেও খোঁজ মেলেনি সাড়ে ৩ বছরের শিশুর। খেলতে গিয়ে নিখোঁজ হয়েছিল সে। ৩ দিন পার তকেও কোনও হদিশ মেলেনি তার। ড্রোন ও পুলিশ কুকুর দিয়ে তল্লাশি জারি রেখেছে পুলিশ। শিশুর খোঁজ না পেয়ে চাঞ্চল্য ছড়িয়েছে বীরভূমের মল্লারপুরের ডাবুক গ্রামে।গ্রামের বিভিন্ন জায়গায় পুলিশ কুকুর নিয়ে গিয়ে খোঁজ চালানো হচ্ছে। পাশাপাশি জেসিবি মেশিনও নিয়ে আসা হয়েছে। সন্দেহজনক জায়গায় মাটি খুঁড়েও চলছে তল্লাশি।

# বিএলএ-সহ দলের সর্বস্তরে নেতা-কর্মীদের জরুরি বৈঠকে ডাকলেন অভিষেক

স্টাফ রিপোর্টার, রোজদিন



বঙ্গে এসআইআর প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে। ২৮ অক্টোবর থেকে চলছে বিএলও-দের প্রশিক্ষণ পর্ব। চলবে ৪ নভেম্বর পর্যন্ত। এই পরিস্থিতিতে ব্লক লেভেল এজেন্ট বা বিএলএ-দের নিয়ে জরুরিভিত্তিতে প্রস্তুতি বৈঠকে বসতে চলেছে তৃণমূল। সূত্রের খবর, বৃহস্পতিবার দুপুর থেকেই দফায় দফায় প্রশিক্ষণ শুরু করতে চলেছেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ।সেসব বিষয় মাথায় রেখেই প্রস্তুতি বৈঠক শুরু করে দিচ্ছে শাসক শিবির। সূত্রের খবর, আজ দফায় দফায় বিএলএ-দের নিয়ে দলীয় স্তরে প্রশিক্ষণ চলবে। তার নেতৃত্বে থাকবেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। আর শুক্রবার এসআইআরের প্রস্তুতি নিয়ে ভারচুয়াল বৈঠক। তাতে ৬ হাজারের বেশি সাংসদ, বিধায়ক, মন্ত্রী থেকে ব্লকস্তরের নেতা-কর্মী সকলকে ডাকা হয়েছে। সূত্রের খবর, বুথ স্তরের এজেন্টদের কাজ কীভাবে করতে হবে, তা বুঝিয়ে দেবেন অভিষেক নিজে। তৃণমূল বরাবর দাবি করেছে, একজন বৈধ ভোটারের নামও যাতে বাদ না যায়, সেই লক্ষ্যে কাজ করতে হবে। এই লক্ষ্য যাতে পূরণ হয় এসআইআরের কাজে, সেদিকেই বাড়তি নজর দেওয়া হচ্ছে।তবে আসল বৈঠক হওয়ার কথা শুক্রবার বিকেলে। সূত্রের খবর, ওইদিন বিকেল সাড়ে ৪টে নাগাদ ভারচুয়াল বৈঠক করবেন অভিষেক। তাতে মন্ত্রী, সাংসদ, বিধায়ক থেকে ব্লক স্তরের নেতা-

এরপর ৩ পাতায়





(১ম পাতার পর)

# বিএলএ-সহ দলের সর্বস্তরে নেতা-কর্মীদের জরুরি বৈঠকে ডাকলেন অভিষেক

কর্মীদের এসআইআর নিয়ে বোঝাবেন তিনি নিজে।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা এসআইআরের জন্য যে সংখ্যক বিএলএ-২ প্রয়োজন, সমস্ত বুথে সংগঠন থাকার সুবাদে তা তৃণমূলের রয়েছে। শাসকদল জানিয়েও দিয়েছে, প্রতি বুথের জন্য বিএলএ ২-ও তাদের প্রস্তুত। দলের বুথ এজেন্টদের সুবিধার্থে তৃণমূল আরও একটি সিদ্ধান্ত নিয়েছে। এতদিন যাঁরা ভোটার তালিকা স্ক্রুটিনির কাজ করেছেন, যাঁরা সমস্ত ভোটারকে চেনেন, তাঁরা বিএলএও এবং দলের এজেন্টদের সঙ্গে থাকবেন। যেসব এজেন্ট এতদিন এই কাজ করে এসেছেন এবং অভিজ্ঞ, এজেন্ট হিসাবে তাঁরাই থাকছেন। কিছু ক্ষেত্রে যোগ্য হিসাবে কিছু রদবদল করা হয়েছে। দলের বক্তব্য, ছাব্বিশের বিধানসভা নির্বাচনে এই সমীক্ষা বিশেষভাবে নির্ণয়কারী হয়ে উঠবে।

# প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মুম্বাইতে ইন্ডিয়া মেরিটাইম লিডার্স কনক্লেভ ২০২৫-এ ভাষণ দিয়েছেন

## (প্রথম ভাগ)

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মহারাষ্ট্রের মুম্বাইতে আজ ইন্ডিয়া মেরিটাইম লিডার্স কনক্লেভ ২০২৫-এ সামুদ্রিক নেতাদের সম্মেলনে ভাষণ দিলেন এবং আন্তর্জাতিক সামুদ্রিক মুখ্য কার্যনির্বাহী আধিকারিকদের ফোরামে অধ্যক্ষতা করলেন। এই উপলক্ষে ভাষণে প্রধানমন্ত্রী সম্মেলনে যোগদানকারী সকলকে স্বাগত জানান। তিনি বলেন যে, এই অনুষ্ঠানের শুরু হয়েছিল ২০১৬-য় মুম্বাইতে। তিনি সন্তোষ প্রকাশ করে বলেন, সেই সম্মেলন এখন রূপান্তরিত হয়েছে আন্তর্জাতিক শিখর সম্মেলনে। ৮৫টির বেশি দেশের যোগদানে একটি শক্তিশালী বার্তা পৌঁছোচ্ছে। বড় বড় জাহাজ শিল্প, স্টার্টআপ, নীতি প্রণেতা এবং উদ্ভাবক সিইও-দের উপস্থিতির উল্লেখ করেন তিনি। তিনি এও স্বীকার করেন যে, ছোট ছোট দ্বীপরাষ্ট্রগুলির প্রতিনিধিরা উপস্থিত হয়েছেন, এই সামগ্রিক দৃষ্টিভঙ্গী সম্মেলনের গুরুত্ব উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি করেছে। সম্মেলনে জাহাজ ক্ষেত্রের সঙ্গে যুক্ত একাধিক প্রকল্পের সূচনার উল্লেখ করে শ্রী মোদী বলেন, কয়েক লক্ষ কোটি টাকার সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে জাহাজ ক্ষেত্রে। প্রধানমন্ত্রী বলেন, এর থেকে বোঝা যায় ভারতের সামুদ্রিক সক্ষমতার উপর আন্তর্জাতিক আস্থার বিষয়টি। অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের উপস্থিতি অভিন্ন দায়বদ্ধতার প্রতীক।

২০২৫ বর্ষটি বিশেষ করে এই ক্ষেত্রের জন্য উল্লেখযোগ্য সাফল্যের বছর বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, "একবিংশ শতাব্দীতে ভারতের সামুদ্রিক ক্ষেত্র এগোচ্ছে দ্রুত গতিতে এবং প্রভূত প্রাণশক্তি নিয়ে।" তিনি বলেন, ভারতের প্রথম মাঝ সমুদ্রে আন্তর্জাতিক ট্রান্স-শিপমেন্ট হাব ভিজিনযান বন্দরে সম্প্রতি বিশ্বের সর্ব বৃহৎ কন্টেনারবাহী জাহাজ পৌঁছেছে যা প্রত্যেক ভারতীয়ের জন্য গর্বের মুহূর্ত। শ্রী মোদী আরও জানান যে, ২০২৪-২৫-এ ভারতের প্রধান বন্দরগুলিতে সবচেয়ে বেশি পণ্য ওঠানো-নামানো হয়েছে যা নতুন রেকর্ড। তিনি ঘোষণা করেন যে, এই প্রথমবারের জন্য ভারতীয় একটি বন্দর মেগাওয়াট মাত্রায় দেশীয় গ্রীন হাইড্রোজেন সুবিধার সূচনা করেছে। সেই বন্দরটি হল কান্ডলা। তিনি আরও বলেন, জেএমপিটি-তে আরও একটি মাইলফলক অর্জন করা গেছে, যেখানে ভারত-মুম্বাই কন্টেনার টার্মিনালের দ্বিতীয় পর্বটির সূচনা হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, "এতে টার্মিনালটির পণ্য ওঠানো-নামানোর ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। এটি হয়ে উঠেছে ভারতের বৃহত্তম কন্টেনার বন্দর।" এটি সম্ভব হয়েছে ভারতে বন্দর পরিকাঠামোয় বৃহত্তম এফডিআই-এর কারণে, জানিয়ে প্রধানমন্ত্রী এর জন্য সিঙ্গাপুরের অংশীদারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী বলেন যে, এবছর ভারত সামুদ্রিক ক্ষেত্রে পরবর্তী প্রজন্মের সংস্কারের লক্ষ্যে অনেক পদক্ষেপ নিয়েছে। প্রধানমন্ত্রী বলেন, "শতাব্দী প্রাচীন ঔপনিবেশিক জাহাজ চলাচল সংক্রান্ত আইনের পরিবর্তে আনা হয়েছে আধুনিক এবং একবিংশ শতাব্দীর উপযোগী আইন।" তিনি বলেন, এই নতুন আইন স্টেট মেরিটাইম বোর্ডগুলির ক্ষমতায়ন করেছে, সুরক্ষা এবং সুস্থায়িত্বকে জোরদার করেছে এবং বন্দর ব্যবস্থাপনায় ডিজিটাইজেশনের প্রসার ঘটিয়েছে। মার্চেন্ট শিপিং আইনে ভারতীয় আইনগুলি আন্তর্জাতিক সনদের সঙ্গে সঙ্গতিপূর্ণ জানিয়ে শ্রী মোদী বলেন, এই সঙ্গতি সুরক্ষা মাত্রার আস্থাবর্ধন করেছে, ব্যবসার সুবিধা করেছে এবং সরকারি হস্তক্ষেপ কমিয়েছে। তিনি আত্মবিশ্বাসের সঙ্গে বলেন, এই সব প্রয়াসে সংশ্লিষ্ট সকল পক্ষ এবং

এরপর ৬ পাতায়

# সুপ্রিম কোর্টের পরবর্তী প্রধান বিচারপতি হচ্ছেন সূর্য কান্ত



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের বিচারপতি সূর্য কান্তকে ভারতের পরবর্তী প্রধান বিচারপতি হিসেবে নিয়োগ করছেন। বর্তমান প্রধান বিচারপতি বি.আর. গাভাইয়ের মেয়াদ শেষের পর তিনি দায়িত্ব গ্রহণ করবেন।বর্তমানে তিনি ন্যাশনাল লিগ্যাল সার্ভিসেস অথরিটি র চেয়ারম্যান হিসেবে কাজ করছেন। তাঁর মেয়াদ প্রায় ১৫ মাস-২০২৭ সালের ফেব্রুয়ারি পর্যন্ত তিনি পদে থাকবেন। বিচারপতি সূর্য কান্তের নিয়োগকে বিচার প্রশাসনের একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন হিসেবে দেখা হচ্ছে। তিনি দায়িত্ব নেওয়ার পর সুপ্রিম কোর্টের রোস্টার ও মামলার নিষ্পত্তির গতি-উভয় ক্ষেত্রেই নতুন দিশা আসবে বলে আইনি মহলের ধারণা।সূত্রমতে, বিচারপতি সূর্য কান্ত আগামী ২৪ নভেম্বর ২০২৫ তারিখে ভারতের ৫৩তম প্রধান বিচারপতি হিসেবে শপথ নেবেন।

সুপ্রিম কোর্টের প্রচলিত সিনিয়রিটি রীতি মেনেই তাঁর নাম সুপারিশ করা হয়েছিল।

১৯৬২ সালের ১০ ফেব্রুয়ারি হরিয়ানার হিসারে জন্ম নেয় বিচারপতি সূর্য কান্ত। হরিয়ানা বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে স্নাতক হওয়ার পর পেশাজীবন শুরু করেন। তিনি হরিয়ানার অ্যাডভোকেট জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেন এবং পরে পঞ্জাব ও হরিয়ানা হাইকোর্টের বিচারপতি হন। ২০১৮ সালে তাঁকে সুপ্রিম কোর্টে যোগদান করেন।

## সম্পাদকীয়

### রাজ্যবাসীকে আশ্বস্ত করে মমতা লিখলেন, 'শেষ রক্তবিন্দু পর্যন্ত লড়ব'

নাম নেই ২০০২ সালের ভোটার তালিকায়। অথচ আগে-পরে ভোট দিয়েছেন বহুবার। কিন্তু এসআইআর লাগু হওয়ায় নাগরিকত্ব বাতিল হতে পারে তাঁর, ফিরে যেতে হতে পারে বাংলাদেশে। বীরভূমের ইলামবাজারের ৯৫ বছরের বৃদ্ধের মৃত্যুর নেপথ্যে স্রেফ এই আতঙ্ক কাজ করেছে বলে দাবি পরিবারের।পোস্টে মুখ্যমন্ত্রীর প্রশ্ন, 'এধরনের যে অনিবার্য ঘটনা ঘটে চলেছে, তার দায়িত্ব কে নেবে? স্বরাষ্ট্রমন্ত্রক নাকি বিজেপি ও তার সঙ্গীরা? এই যে মানুষের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ছে, তা নিয়ে সাহস থাকলে বিজেপি নেতারা সকলের সামনে এসে কথা বলুন।' এর পাশাপাশি নির্বাচন কমিশনের নাম না করেও মুখ্যমন্ত্রীর হুঁশিয়ারি, 'বাংলায় সোজা পথে বা বাঁকা পথে এনআরসি হতে দেব না। একজন নাগরিককেও বহিরাগত তকা দিতে দেব না। এমনটা হলে বাংলা শেষ রক্তবিন্দু দিয়ে লড়বে।'এই মৃত্যু নিয়ে এবার ফুঁসে উঠলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । এক্স হ্যান্ডলে পোস্ট করে তাঁর লড়াকু বার্তা, শেষ রক্তবিন্দু পর্যন্ত লড়ব। জনতার উদ্দেশে লিখলেন, 'চরম কোনও পদক্ষেপ নেবেন না, মা-মাটি-মানুষের সরকার পাশে রয়েছে।'

২৮ অক্টোবর থেকে বাংলায় শুরু এসআইআর প্রক্রিয়া। ওইদিনই আতঙ্কে পানিহাটির প্রদীপ করের আত্মহত্যার ঘটনা ঘটে। সুইসাইড নোটে তিনি এনিয়ে আতঙ্কের কথা লিখে গিয়েছিলেন বলে জানা যায়। এরপর বুধবার, কোচবিহারের খায়রুল শেখের নাম ভোটার তালিকায় ভুল থাকায় নাগরিকত্ব বাতিলের ভয়ে তিনি আত্মহত্যার চেষ্টা করেন। আর বৃহস্পতিবার বাংলাদেশে পুশব্যাকের আতঙ্কে ঝুলন্ত দেহ উদ্ধার হয় বীরভূমের ইলামবাজারের ৯৫ বছরের বৃদ্ধের। ধারাবাহিকভাবে এসব ঘটনাকে 'মানবতার সঙ্গে বিশ্বাসঘাতকতা' বলে উল্লেখ করেছে মমতা বন্দ্যোপাধ্যায় । বিজেপিকে দায়ী করার পাশাপাশি জনতার উদ্দেশে আশ্বাসবাণী দিয়েছেন মুখ্যমন্ত্রী।

## পৃথিবীর সৃষ্টির মূলে শিব



মৃত্যুঞ্জয় সরদার
(কুড়িতম পর্ব)



শৈব দর্শন অনুসরণকারী। দক্ষিণী আগম শাস্ত্রের মত শিব পুরাণ ও লিঙ্গপুরাণ রচিত হয়েছে উত্তর ভারতে। দ্বাদশ জ্যোতির্লিঙ্গ ও অতিকায় শিবমন্দির ছড়িয়ে আছে সারা ভারতে। তামিল 'শিবপ্পু' বা রক্তবর্ণ থেকে হয়তো শিব শব্দের উৎপত্তি। রাঢ়ের রক্ত মৃত্তিকার সঙ্গে কান্তারবাসী রুদ্র শিবের মিল অনেক। বাংলায় তিনি গঞ্জিকাসেবী ভুঁড়িওয়ালা এক আলাভোলা ব্যক্তি। চৈত্র সংক্রান্তিতে নীলাবতীর সঙ্গে তাঁর বিয়ে। মালদা মুর্শিদাবাদে গাওয়া হয় গমীরা ও গম্ভীরা। কথিত আছে, এক সাধু শিব

ক্রমশঃ


(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

## ৩ দিনেও নিখোঁজ শিশু, ড্রোন, জেসিবি ও পুলিশ কুকুর দিয়ে তল্লাশি জারি

কিন্তু তিন দিন হয়ে গেলেও কোনও হদিশ মেলেনি। এরফলে গোটা গ্রামে আতঙ্কের সৃষ্টি হয়েছে। মল্লারপুর থানার ওসি রাহুল গোসাই পরিবারের সঙ্গে কথা বলেছেন। তল্লাশি অভিযানে নিজে যোগ দিয়েছেন। পরিবারের সঙ্গে কারও শত্রুতা রয়েছে কিনা, শিশুটিকে শেষ কখন দেখা গিয়েছে সবটাই জানার চেষ্টা চলছে। উল্লেখ্য, কিছুদিন আগে তারাপীঠে এক শিশুর মৃতদেহ উদ্ধার হয়েছিল। তারপরেই ডাবুকে নিখোঁজ হয়েছে এক শিশু। বার বার এই ধরনের ঘটনা ঘটায় চিন্তায় পুলিশও।জানা গিয়েছে, মঙ্গলবার বাড়ির পাশেই খেলতে গিয়েছিল সাড়ে ৩ বছরের শিশুটি।সকালে খেলতে গেলেও সারাদিনে কোনও খোঁজ পাওয়া যায়নি তাঁর। বেলা হতেই খোঁজ শুরু হয়েছিল। কিন্তু কোনও হদিশ মেলেনি। সন্ধ্যে হলেও কোনও খোঁজ পাওয়া যায়নি। পরিবারের দাবি, সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত পরিবারের লোকজন ও আত্মীয়রা খোজ করেও শিশুটির কোনও হদিশ মেলেনি। তারপরেও খবর দেওয়া হয় পুলিশে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছেছে মল্লারপুর থানার পুলিশ। গ্রামজুড়ে তল্লাশি চালানো হচ্ছে। পুকুর, ঝোঁপ সহ সকল জায়গায় তল্লাশি শুরু হয়েছে। ড্রোন উড়িয়ে, পুলিশ কুকুর এনে তল্লাশি অভিযান চলছে। বৃহস্পতিবার সকালেও জারি রয়েছে তল্লাশি।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এই বালোচিস্তান বা ঝোব উপত্যকা কি সেযুগে বহিরাগত আক্রমণের করিডর, অনবরত যুদ্ধবিদীর্ণ সীমান্ত, সেজন্য সেভাবে ভয়াল মাতৃকার উত্থান ঘটেছিল?

আর, এমন কি হতে পারে, দুর্গা থেকে কালীপুজো, ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ছত্তিশগড়ে অস্ত্র-সহ আত্মসমর্পণ ৫১ মাওবাদীর

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



মাসখানেক আগেই আত্মসমর্পণ করেন কিষেনজির স্ত্রী সুজাতা। কয়েকদিন আগে সেই পথেই হাঁটেন নিহত মাওবাদী নেতার ভাই মাল্লোজুলা বেণুগোপাল রাও ওরফে ভূপতি ওরফে সোনু দাদা। ৬০ জন কমরেড নিয়ে তিনি আত্মসমর্পন করেন। এই পরিস্থিতিতে ফের মাও-ঘাঁটি ছত্তিশগড়ে অস্ত্র-সহ আত্মসমর্পন করল আরও ৫১ জন মাওবাদী। প্রসঙ্গত, মাওবাদীদের অস্ত্র ত্যাগ করাতে 'নকশাল আত্মসমর্পণ এবং আক্রান্তদের পুনর্বাসন নীতি ২০২৫'-এ বেশ কিছু পরিবর্তন এনেছে ছত্তিশগড় সরকার। যেখানে আত্মসমর্পণকারী মাওবাদীদের পুনর্বাসন, চাকরি, আর্থিক পুরস্কার এবং আইনি সুরক্ষা প্রদান করা হয়। মাওবাদী নেতাদের পদ অনুযায়ী সুবিধা প্রদান করা হয় নয়া পুনর্বাসন নীতিতে। রাজ্য কমিটি, আঞ্চলিক কমিটি, কেন্দ্রীয় কমিটি এবং পলিটব্যুরোর সদস্যদের মতো উচ্চপদস্থ ক্যাডারদের এককালীন পাঁচ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়। যাঁরা লাইট মেশিনগান-সহ আত্মসমর্পণ করবেন, তাঁরাও পাবেন পাঁচ লক্ষ টাকা নগদ পুরস্কার। যে সব ক্ষেত্রে মাওবাদী ইউনিটের ৮০ শতাংশ সদস্য একসঙ্গে আত্মসমর্পণ করবেন, সেখানে দ্বিগুণ পুরস্কার প্রদান করা হবে। পুনর্বাসনের এই প্যাকেজে রয়েছে চাকরি এবং সন্তানদের শিক্ষায় সাহায্যও।তাদের মধ্যে ২০ জনের সম্মিলিতভাবে মাথার দাম ছিল ৬৬ লক্ষ টাকা।

বুধবার ছত্তিশগড়ের বস্তার জেলায় অস্ত্রসস্ত্র সমতে আত্মসমর্পণ করে ওই মাওবাদীদের দলটি। তাদের মধ্যে ৯ জন মহিলা। পুলিশ সূত্রে খবর, আত্মসমর্পণকারীদের মধ্যে নিষিদ্ধ মাওবাদী সংগঠন পিএলজিএ-র (পিপলস লিবারেশন গেরিলা আর্মি) ব্যাটালিয়ন নম্বর ১ এবং কোম্পানি নম্বর ১, ২ এবং ৫-এর পাঁচজন সদস্য, এরিয়া কমিটি এবং প্লাটুনের সাতজন সদস্য, এলওএস গ্রুপের তিনজন সদস্য, একজন মিলিশিয়া প্লাটুন কমান্ডার, ১৪ জন মিলিশিয়া প্লাটুন সদস্য এবং ২০ জন নিম্ন-স্তরের সদস্য রয়েছে। 'নৃশংস' এবং 'আমানবিক' মাও আদর্শের প্রতি হতাশ এবং বিরক্ত হয়েই তারা এই সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য, ২০২৬ সালের মার্চ মাসের মধ্যে দেশ থেকে মাওবাদকে পুরোপুরি নির্মূল করা হবে বলে জানিয়ে দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সেই লক্ষ্যে জোরকদমে শুরু হয়েছে কাজ। চলতি মাসেই একযোগে ছত্তিশগড় ও মহারাষ্ট্রে আত্মসমর্পণ করেন ২৫৮ জন মাওবাদী। স্পষ্ট ভাষায় শাহ জানিয়েছেন, "যারা হিংসাত্যাগ করে মূল স্রোতে ফিরছেন তাঁদের স্বাগত জানাই। কিন্তু যারা এখনও বন্দুক চালিয়ে যাবে তাঁদের নিরাপত্তা বাহিনীর মারণ শক্তির মুখোমুখি হতে হবে।"

(১ম পাতার পর)

## NRC আতঙ্কে দু'জনের মৃত্যু! মমতার প্রশ্ন, 'এই মাটিতেই জন্মেও প্রমাণ দিতে হবে?'

এরপরই অমিত শাহকে নিশানা করে মমতার তীব্র প্রশ্ন, "রাজনৈতিকভাবে সৃষ্ট এই মৃত্যুর দায় কে নেবে? কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী কি দায়িত্ব নেবেন? সত্যটা স্বীকার করার সৎসাহস কি আছে বিজেপির?"

তিনি আরও লিখেছেন, "যিনি সারাজীবন এই মাটিতে জীবন কাটালেন, তাঁকে আজ প্রমাণ দিতে হচ্ছে— তিনি এই মাটিরই সন্তান! এর চেয়ে বড় মানবতার বিশ্বাসঘাতকতা আর কী হতে পারে?"

জনগণকে শান্ত থাকার আহ্বান জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, "কেউ উত্তেজিত হবেন না, কেউ চরম পদক্ষেপ নেবেন না। মা-মাটি-মানুষ সরকার আপনাদের পাশে আছে। এনআরসি বাংলায় কোনও ভাবেই কার্যকর হতে দেব না— না সামনে দিয়ে, না পেছনের দরজা দিয়ে।"

শেষে তাঁর হুঁশিয়ারি, "একজনও বৈধ নাগরিকের নাম আমরা থাকতে বাদ দিতে দেব না। মানুষের অধিকার রক্ষায় শেষ রক্তবিন্দু পর্যন্ত আমরা লড়ব।"

### আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

### রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে
কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu sarda
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# আফগান সীমান্তের কাছে তালিবানদের সঙ্গে সংঘর্ষে নিহত ক্যাপ্টেনসহ ৬ পাকিস্তানি সেনা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে চলমান উত্তেজনা ও সংঘাত থামানোর আলোচনা ব্যর্থ হয়েছে। দক্ষিণ এশিয়ার দুই প্রতিবেশী দেশের মধ্যে শান্তি ফেরার বদলে বাড়ছে উত্তাপ। বুধবার পাকিস্তানি সেনাবাহিনী জানিয়েছে, খাইবার পাখতুনখোয়ার কুর্রাম জেলায় আফগান সীমান্তের কাছে জঙ্গিদের সঙ্গে সংঘর্ষে ছয় সেনা নিহত হয়েছেন।আফগানিস্তানের সীমান্তবর্তী কুররাম জেলায় জঙ্গি অনুপ্রবেশ এবং পাকিস্তানের নিরাপত্তা বাহিনীকে লক্ষ্য করে আক্রমণের জন্য ঘন ঘন উত্তেজনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। জানা গিয়েছে, নিহতদের মধ্যে ছিলেন মিয়ানওয়ালির ২৪ বছর বয়সী মেডিকেল অফিসার ক্যাপ্টেন নোমান সেলিম। পাক সেনাবাহিনীর মতে, "তিনি বীরত্বের সাথে যুদ্ধ করেছিলেন।" নিহত অন্যান্য সেনারা হলেন হাবলদার আমজাদ আলী (৩৯, সোয়াবি), নায়েক ওয়াকাস আহমেদ (৩৬, রাওয়ালপিন্ডি), সিপাহী আইজাজ আলী (২৩, শিকারপুর), সিপাহী মুহাম্মদ ওয়ালিদ (২৩, ঝিলাম) এবং সিপাহী মুহাম্মদ শাহবাজ (৩২, খাইরপুর)। আইএসপিআর জানিয়েছে, এলাকায় বাকি জঙ্গিদের নির্মূল করার জন্য একটি অভিযান চলছে।পাকিস্তানের আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এর এক বিবৃতি অনুসারে, কুররামের ডোগার এলাকায় গোয়েন্দা তথ্যের উপর পরিচালিত অভিযানে প্রায় সাত জঙ্গি নিহত হয়েছে। আইএসপিআর জানিয়েছে যে অভিযানটি ফিতনা আল-খাওয়ারিজের সদস্যদের লক্ষ্য করে করা হয়েছিল যা নিষিদ্ধ তেহরিক-ই-তালিবান পাকিস্তান (টিটিপি) এর জঙ্গিদের বর্ণনা করার জন্য ব্যবহৃত একটি শব্দ। এই সংঘর্ষ খাইবার পাখতুনখোয়া এবং বালুচিস্তানে পাকিস্তানের ক্রমবর্ধমান নিরাপত্তা চ্যালেঞ্জের উপর দৃষ্টি আকর্ষণ করে। যেখানে ২০২২ সালের শেষের দিকে টিটিপি সরকারের সঙ্গে যুদ্ধবিরতি শেষ করার পর থেকে জঙ্গি হামলা বেড়েছে। ইসলামাবাদ অভিযোগ করেছে যে, 'ভারতের মদদপুষ্ট' এই সশস্ত্র গোষ্ঠীটি আফগান তালিবানদের আশ্রয়ে থেকে পাকিস্তানে নিয়মিত হামলা পরিচালনা করছে। তবে ভারত প্রথম থেকেই পাকিস্তানের এই দাবি অস্বীকার করছে।

(৩ পাতার পর)

# প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মুম্বাইতে ইন্ডিয়া মেরিটাইম লিডার্স কনক্লেভ ২০২৫-এ ভাষণ দিয়েছেন

বিনিয়োগকারীদের আত্মবিশ্বাস আরও বেড়েছে।

প্রধানমন্ত্রী জানান, কোস্টাল শিপিং আইন তৈরি করা হয়েছে ব্যবসার সরলীকরণ করতে এবং সরবরাহ শৃঙ্খলে নিরাপত্তা জোরদার করতে। তিনি জোর দিয়ে বলেন, এই আইন ভারতের বিশাল উপকূল বরাবর সুষম উন্নয়ন সুনিশ্চিত করবে। এক দেশ এক বন্দর প্রক্রিয়া, যা বন্দর সংক্রান্ত প্রক্রিয়ার মধ্যে সমতা আনবে এবং নথিপত্রের প্রয়োজন উল্লেখযোগ্যভাবে কমাবে, তার উল্লেখ করে শ্রী মোদী বলেন, জাহাজ ক্ষেত্রে এই সংস্কারগুলি ভারতের এক দশকের সংস্কারের যাত্রার অঙ্গ। গত ১০ থেকে ১১ বছরের উল্লেখ করে তিনি বলেন, ভারতের সামুদ্রিক ক্ষেত্রে রূপান্তর ঐতিহাসিক। মেরিটাইম ইন্ডিয়া ভিশনে ১৫০-এর বেশি নতুন উদ্যোগের সূচনা হয়েছে, ফলে বড় বড় বন্দরগুলির ক্ষমতা বেড়েছে প্রায় দ্বিগুণ, জাহাজ ঢোকা-বেরোনোয় সময় লাগছে কম, ক্রুজ পর্যটনে গতি এসেছে। প্রধানমন্ত্রী আরও বলেন, অভ্যন্তরীণ জলপথে পণ্য চলাচল বেড়েছে ৭০০ শতাংশের বেশি। কার্যকরী জলপথের সংখ্যা ৩ থেকে বেড়ে হয়েছে ৩২। তিনি আরও জানান, গত এক দশকে ভারতীয় বন্দরগুলির বার্ষিক উদ্বৃত্তের পরিমাণ ৯ গুণ বেড়েছে।

প্রধানমন্ত্রী বলেন, "বিকাশশীল বিশ্বে ভারতের বন্দরগুলিকে অত্যন্ত দক্ষ বলে গণ্য করা হয়। অনেক ক্ষেত্রে সেগুলি উন্নত বিশ্বের বন্দরগুলির থেকেও ভাল কাজ করে।" তিনি এই সূত্রে কিছু পরিসংখ্যান তুলে ধরেন। জানান, ভারতে কন্টেনার ঢোকা-বেবোনোর গড় সময় কমে ৩ দিনেরও কম হয়ে দাঁড়িয়েছে, যা অনেক উন্নত দেশের থেকেও ভাল। তিনি বলেন, জাহাজের ঢোকা-বেরোনোর সময় ৯৬ ঘন্টা থেকে কমে হয়েছে মাত্র ৪৮ ঘন্টা, ফলে ভারতীয় বন্দরগুলি আন্তর্জাতিক জাহাজ কোম্পানিগুলির কাছে আরও আকর্ষণীয় এবং প্রতিযোগিতা-ক্ষম হয়ে উঠেছে। শ্রী মোদী আরও বলেন, বিশ্ব ব্যাঙ্কের লজিস্টিক্স পারফর্মেন্স ইনডেক্সে ভারত উল্লেখযোগ্য অগ্রগতি ঘটিয়েছে। তিনি আরও জানান, সামুদ্রিক মানবসম্পদে ভারতের শক্তি বৃদ্ধি পাচ্ছে। তিনি বলেন, ভারতীয় জাহাজকর্মীর সংখ্যা একদশকে ১.২৫ লক্ষ থেকে বেড়ে ৩ লক্ষ ছাড়িয়ে গেছে। বর্তমানে জাহাজকর্মীদের সংখ্যায় বিশ্বে ভারত শীর্ষস্থানীয় তিনটি দেশের মধ্যে স্থান করে নিয়েছে।

একবিংশ শতাব্দীর প্রথম ২৫টি বছর পার হয়ে গেছে, জানিয়ে তিনি বলেন, পরবর্তী ২৫ বছর অত্যন্ত গুরুত্বপূর্ণ। শ্রী মোদী বলেন, ভারতের নজর নীল অর্থনীতি এবং সুস্থায়ী উপকূল উন্নয়নের ওপর। গ্রীন লজিস্টিক্স ,বন্দর সংযোগ এবং উপকূলবর্তী শিল্পগুচ্ছের ওপর সরকারের জোর দেওয়ার বিষয়টি জানান তিনি।

প্রধানমন্ত্রী বলেন, "বর্তমানে ভারতের অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়গুলির অন্যতম, জাহাজ নির্মাণ।" জাহাজ নির্মাণে ভারতের ঐতিহাসিক দক্ষতার কথা তুলে ধরে তিনি বলেন, ভারত একসময় ছিল এই বিষয়ে প্রধান আন্তর্জাতিক ক্ষেত্র। তিনি বলেন, এখান থেকে অজন্তা গুহা বেশি দূরে নয়, যেখানে ষষ্ঠ শতাব্দীর

**ক্রমশঃ**

# সিনেমার খবর

## আমরা কৃতজ্ঞ, আপ্লুত: পরিণীতি

স্টাফ রিপোর্টার, রোজদিন



দীপাবলির আগে জীবনের সবচেয়ে বড় উপহার পেলেন বলিউড অভিনেত্রী পরিণীতি চোপড়া ও তাঁর স্বামী রাজনীতিক রাঘব চাড্ডা। রবিবার (২০ অক্টোবর) দিল্লির এক বেসরকারি হাসপাতালে পুত্রসন্তানের জন্ম দেন পরিণীতি। প্রথমবার মা হওয়ার অনুভূতি এখনো গুছিয়ে নিতে পারেননি এই অভিনেত্রী, তবে সন্তানের আগমনে উচ্ছ্বাস যেন ধরে না রাখতেই পারলেন না তিনি।

রাঘব চাড্ডার সামাজিক মাধ্যমে ছেলের জন্মের সুখবর জানানোর পর থেকেই শুভেচ্ছায় ভেসে যাচ্ছেন এই নবদম্পতি। বলিউড তারকা থেকে শুরু করে অগণিত অনুরাগী সবাই শুভেচ্ছা ও ভালোবাসা জানাচ্ছেন নতুন বাবা-মাকে।

হাসপাতাল থেকেই অনুরাগীদের উদ্দেশ্যে ধন্যবাদ জানিয়েছেন পরিণীতি। তিনি লিখেছেন, 'শুভেচ্ছা জানানোর জন্য সবাইকে ধন্যবাদ। আপনাদের আলাদা করে উত্তর দিতে পারিনি, কিন্তু ভালোবাসা আমাদের কাছে ঠিকই পৌঁছেছে। আমরা কৃতজ্ঞ, আপ্লুত।'

পরিণীতির এই বার্তা যেন তার হৃদয়ের অন্তরতম অনুভূতি প্রকাশ করে। মা হওয়ার আনন্দের মধ্যেই ছড়িয়ে দিয়েছেন অনুরাগীদের ভালোবাসা।

এদিকে, পরিণীতির একটি পুরনো সাক্ষাৎকার নতুন করে আলোচনায় এসেছে। সেই সাক্ষাৎকারে অভিনেত্রী বলেছিলেন,'আমি অনেক সন্তানের মা হতে চাই। আমার বহু দিনের ইচ্ছা একদিন শিশু দত্তক নেওয়ারও।'

## 'ওয়েটিং রুম'-এ রহস্যময় শুভশ্রী

স্টাফ রিপোর্টার, রোজদিন

'হাসতে হাসতে খুন করে দেব' মাসখানেক আগে এমনই একটি রহস্যঘন ক্যাপশন দিয়ে একটি ছবি পোস্ট করেছিলেন অভিনেত্রী শুভশ্রী গাঙ্গুলি। ছবিতে দেখা গিয়েছিল, জানালার ধারে বসে হাতে রক্তমাখা ছুরি ধরে রয়েছেন তিনি। পাশে ছিলেন পরিচালক কৌশিক গাঙ্গুলি। সেই ছবিকে ঘিরেই জল্পনা শুরু হয়েছিল তাদের নতুন কোনও সিনেমা কি আসছে?

অবশেষে দীপাবলির আলোয় প্রকাশ্যে এল সেই ছবির নেপথ্য কাহিনি। সামনে এসেছে শুভশ্রীর নতুন সিনেমা 'ওয়েটিং রুম'-এর ফার্স্ট লুক।

ছবিটি পরিচালনা করছেন কৌশিক গাঙ্গুলি। আর তাতেই স্পষ্ট, শুভশ্রী




এবার সম্পূর্ণ ভিন্ন এক চরিত্রে ধরা দিতে চলেছেন।

'ওয়েটিং রুম'-এ শুভশ্রীকে দেখা যাবে চরিত্র 'দীপা'-র ভূমিকায়। ফার্স্ট লুকে তার চোখেমুখে প্রতিশোধের আগুন, হাতে রক্তমাখা ছুরি, চোখে জল, সারা মুখে লেগে থাকা রক্তের ছাপ, সব মিলিয়ে দর্শকেরা যেন চমকে গেছেন এই লুক দেখে। শুভশ্রীর এমন রূপ আগে কখনও দেখেননি দর্শকেরা।

প্রথম দর্শনে ছবিটি থ্রিলার বলে মনে হলেও, ঘনিষ্ঠ সূত্রের খবর ওয়েটিং রুম' মূলত একটি সোশ্যাল ড্রামা, যেখানে ফুটে উঠবে দীপা নামের এক নারীর জীবনসংগ্রাম ও আবেগঘন যাত্রাপথ। তার ভেতরে জমে থাকা ক্ষোভ, অপমান আর বিচারের লড়াই সবই ধরা পড়বে পর্দায়।

'ওয়েটিং রুম'-এর শুটিং শুরু হচ্ছে ২২ অক্টোবর থেকে। ছবিতে শুভশ্রীর পাশাপাশি অভিনয় করছেন অনির্বাণ চক্রবর্তী, অনন্যা বন্দ্যোপাধ্যায়, রেশমি সেন প্রমুখ। সংগীত পরিচালনায় আছেন ইন্দ্রদীপ দাসগুপ্ত।

'পরিণীতা' থেকে 'ইন্দুবালা ভাতের হোটেল' প্রতিটি ছবিতেই অভিনয়ে নতুন স্তর ছুঁয়েছেন শুভশ্রী। 'ওয়েটিং রুম' হতে চলেছে সেই ধারাবাহিকতার পরবর্তী ধাপ। ভিন্ন ঘরানার চরিত্রে নিজেকে আরও একবার প্রমাণ করতে প্রস্তুত অভিনেত্রী।

## মাত্র ৩ দিনেই ৬৬ কোটি, ঝড় তুলল ডুড



স্টাফ রিপোর্টার, রোজদিন

মাত্র দুটি সিনেমা দিয়ে দক্ষিণ ভারতীয় সিনেমার জগতে নিজের শক্ত অবস্থান তৈরি করে নিয়েছেন তরুণ অভিনেতা-পরিচালক প্রদীপ রঙ্গনাথন। বিশেষ করে দক্ষিণ ভারতের তরুণদের মধ্যে তার জনপ্রিয়তা আকাশছোঁয়া। সেই জনপ্রিয়তার প্রমাণ মিলল তার নতুন সিনেমা ডুড-এর বক্স অফিসে। রীতিমতো ঝড় তুলেছে সিনেমাটি। সিনেমাটি মুক্তির পরেই দর্শকের বিপুল আগ্রহ দেখা যাচ্ছে। মনে হচ্ছে প্রদীপ রঙ্গনাথন তার ঝুলিতে আরও একটি ব্লকবাস্টার হিট যুক্ত করতে যাচ্ছেন।

কার্থিসরণ পরিচালিত রোমান্টিক ছবি ডুড। যেখানে প্রদীপের সঙ্গে প্রধান চরিত্রে অভিনয় করেছেন মমিথা বাইজু, মাত্র তিন দিনের মধ্যেই বিশ্বব্যাপী ৬৬ কোটি রুপি আয় করে ফেলেছে। দেওয়ালি উৎসবকে কেন্দ্র করে ছবিটি মুক্তি পাওয়ায় এর ব্যবসার গতি নিয়ে প্রত্যাশা ছিলই, তবে এই বিপুল সাফল্য অনেকেই হয়তো ভাবেননি। ধারণা করা হচ্ছে, মাত্র ৩০ কোটি রুপি বাজেটে তৈরি এই সিনেমাটি প্রথম সপ্তাহেই ১০০ কোটি রুপির ক্লাবে প্রবেশ করতে চলেছে।

ডুড মুক্তি পেয়েছে তামিল ও তেলেগু এই দুটি ভাষায়। প্রদীপ রঙ্গনাথন এবং মমিথা বাইজু ছাড়াও ছবিটিতে অভিনয় করেছেন সারথকুমার, রোহিনী, দ্রাবিড় সেলভম, নেহা শেঠি, সত্যাসহ আরও অনেকে।

ছবির গল্প আবর্তিত হয়েছে দুই বন্ধু আগন (প্রদীপ) এবং কুরাল (মমিথা)-এর জীবনকে ঘিরে। তাদের সম্পর্কে এক নতুন মোড় আসে যখন কুরাল বিয়ের প্রস্তাব দেয়।

হিন্দুস্তান টাইমসের রিভিউ অনুযায়ী, ছবির নতুন জুটি ও এর রোমান্টিক গল্পের প্রশংসা করা হয়েছে। গণমাধ্যমটি লিখেছে, 'নির্মাতা অত্যন্ত নিখুঁতভাবে প্রচলিত রোমান্টিক ট্রপগুলো ব্যবহার করেছেন, তবে প্রয়োজনীয় ক্ষেত্রে স্টেরিওটাইপ উল্টে দিয়েছেন। ছবির সবচেয়ে ভালো দিক হলো, আপনি মনে করেন গল্পটা আপনি ধরতে পারছেন, কিন্তু চলমান সময় আপনার ধারণা প্রায়ই চ্যালেঞ্জের মুখে পড়ে।'

# চোট কাটিয়ে মাঠে ফিরছেন রিশাভ পান্ত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



প্রায় তিন মাস পর আন্তর্জাতিক ক্রিকেটে ফিরতে যাচ্ছেন ভারতের উইকেটকিপার-ব্যাটসম্যান রিশাভ পান্ত। ইংল্যান্ড সফরে পাওয়া চোট কাটিয়ে সুস্থ হয়ে উঠেছেন তিনি। এবার দক্ষিণ আফ্রিকা 'এ' দলের বিপক্ষে চার দিনের ম্যাচ সিরিজে ভারত 'এ' দলের অধিনায়কত্ব করবেন এই তারকা ক্রিকেটার।

গত জুলাইয়ে ম্যানচেস্টারে ইংল্যান্ডের বিপক্ষে টেস্টের প্রথম দিন ব্যাটিংয়ের সময় একটি ফুল লেংথ বল রিভার্স সুইপ করতে গিয়ে পায়ে মারাত্মক চোট পান পান্ত। কষ্টে কেডস খুলে দেখা যায় পা ফুলে গেছে এবং রক্ত জমাট বেঁধেছে। ব্যথায় কাতর পান্তকে মাঠ ছাড়তে হয়েছিল গল্ফ কার্টে করে। পরে স্ক্যানে ধরা পড়ে তার পায়ে চিড়।


এই চোটের পর থেকেই মাঠের বাইরে ছিলেন তিনি। দীর্ঘ পুনর্বাসন প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হয় তাকে। অবশেষে বিসিসিআইয়ের সেন্টার অব এক্সিলেন্স থেকে ছাড়পত্র পাওয়ার পর ফেরার জন্য তৈরি হয়েছেন পান্ত।

আগামী ৩০ অক্টোবর বেঙ্গালুরুতে শুরু হবে দক্ষিণ আফ্রিকা 'এ' দলের বিপক্ষে প্রথম চার দিনের ম্যাচ। দ্বিতীয় ম্যাচ শুরু ৬ নভেম্বর একই ভেন্যুতে। এরপর তিন ম্যাচের ওয়ানডে সিরিজও খেলবে দুই দল—১৩, ১৬ ও ১৯ নভেম্বর।

এই সিরিজ পান্তের জন্য বড় সুযোগ জাতীয় দলে ফেরার। কারণ, নভেম্বরে ঘরের মাঠে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে দুটি টেস্ট খেলবে ভারত। ১৪ নভেম্বর ইডেন গার্ডেন্সে শুরু প্রথম টেস্ট, ২২ নভেম্বর দ্বিতীয় টেস্ট গুয়াহাটিতে। 'এ' দলের সিরিজে ভালো করলে আবারো টেস্ট দলে জায়গা করে নিতে পারেন তিনি।

এখন পর্যন্ত ভারতের হয়ে ৪৭টি টেস্ট খেলে ৩,৪২৭ রান করেছেন রিশাভ পান্ত। ৪৪.৫০ গড়ে রান তোলা এই বাঁহাতি ব্যাটার করেছেন ৮টি সেঞ্চুরি ও ১৮টি ফিফটি।

## ৯১ বছরে এমন পরাজয় দেখেনি লিভারপুল



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইংলিশ প্রিমিয়ার লিগ ও চ্যাম্পিয়নস লিগে হতাশাজনক ফর্মের মধ্যে লিভারপুল এবার লিগ কাপের চতুর্থ রাউন্ড থেকেও ছিটকে পড়ল। বুধবার নিজেদের ঘরের মাঠে ক্রিস্টাল প্যালেসের কাছে ৩-০ গোলে হেরে লিভারপুলের ইতিহাসে এমন ধরণের পরাজয় ৯১ বছর পরে ঘটল। শেষবার ঘরের মাঠে তিন গোল খেয়ে কোনো গোল না করার অভিজ্ঞতা লিভারপুলের হয়েছিল ১৯৩৪ সালের ফেব্রুয়ারিতে। তখন তারা এফএ কাপে বোল্টন ওয়ান্ডারার্সের কাছে হেরেছিল।

ম্যাচ শেষে কোচ আর্না স্লটের হতাশা স্পষ্ট ছিল। তিনি বলেন, "সাত ম্যাচের মধ্যে ছয়টি হারের কারণ কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। লিভারপুলের মতো দলের জন্য এতগুলো হারের মানে অনেক বেশিই।"

এই ম্যাচে লিভারপুল কোনো গোল করতে পারেনি। তিন তারকা মোহামেদ সালাহ, আলেকসান্দার ইসাক ও ফ্লোরিয়ান ভিয়েৎসকেও কার্যকর হতে দেখা যায়নি।

এখন পর্যন্ত চলতি মৌসুমে ক্রিস্টাল প্যালেসের সঙ্গে লিভারপুলের খেলা তিনটি ম্যাচই হেরে গেছে। লিগ কাপের অন্যান্য ম্যাচে নিউক্যাসল ইউনাইটেড টটেনহ্যাম হটস্পারকে ২-০ গোলে হারিয়েছে, আর্সেনাল ব্রাইটন অ্যান্ড হোভকে ২-০ গোলে হারিয়েছে, ম্যানচেস্টার সিটি সোয়ানসি সিটিকে ৩-১ গোলে হারিয়েছে এবং চেলসি উলভারহ্যাম্পটনকে ৪-৩ গোলে হারিয়েছে।

শেষ আটের কোয়ার্টার-ফাইনাল ম্যাচগুলি ১৫ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। ক্রিস্টাল প্যালেস আর্সেনালের সঙ্গে মুখোমুখি হবে, নিউক্যাসল ইউনাইটেড খেলবে ফুলহ্যামের বিপক্ষে, ম্যানচেস্টার সিটি লড়বে ব্রেন্টফোর্ডের সঙ্গে এবং চেলসি মুখোমুখি হবে কার্ডিফ সিটির সঙ্গে।

## লরিয়ঁর সঙ্গে ড্র, লিগে ছন্দ হারাচ্ছে পিএসজি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



চ্যাম্পিয়ন্স লিগে দারুণ পারফরম্যান্সের মাঝেও ঘরোয়া লিগে বারবার হোঁচট খাচ্ছে প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি)। সর্বশেষ লিগ ম্যাচে টেবিলের নিচের দল লরিয়ঁর বিপক্ষে ১-১ ড্র করেছে শিরোপা ধরে রাখার দাবিদাররা।

ম্যাচের ৪৯তম মিনিটে নুনো মেন্দেসের গোলে এগিয়ে গেলেও দুই মিনিটের মধ্যে ইগর সিলভারের গোলে সমতা ফেরায় লরিয়ঁ।

দুঃসংবাদ আরও বড় হলো আক্রমণভাগের গুরুত্বপূর্ণ খেলোয়াড় দিজিরে দুয়েক চোট পাওয়ায় ৬১তম মিনিটে মাঠ ছাড়তে বাধ্য হন। পিএসজি কোচ লুইস এনরিকে জানিয়েছেন, চোট কতটা গুরুতর তা এখনও জানা যায়নি।

চলতি মৌসুমে আগেও পায়ের পেশির চোটে কয়েক সপ্তাহ বাইরে ছিলেন দুয়ে। অন্যদিকে, ব্যালন দ'রের বিজয়ী উসমান দেম্বেলে পুরোপুরি ফিট হয়ে ম্যাচ দিয়ে শুরু একাদশে ফিরেছেন, তবে দলীয় ফলাফলে আনন্দ হয়নি তার জন্যও।

মৌসুমের শুরুতে চার ম্যাচ জয় দিয়ে ভালো শুরু করলেও, পরের পাঁচ ম্যাচে মাত্র দুই জয় ও তিনটি ড্রতে ঘরোয়া লিগে ছন্দপতনের শিকার পিএসজি। লরিয়ঁর বিপক্ষে ড্র করলেও শীর্ষে থাকা অবস্থান অক্ষত, ১০ ম্যাচে ৬ জয় ও ৩ ড্রয়ে পিএসজির পয়েন্ট ২১।

মোনাকো ২০ পয়েন্ট নিয়ে দুইয়ে, আর মার্সেই ১৯ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে রয়েছে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR